

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা  
www.dwa.gov.bd

স্মারক নং ৩২.০১.০০০০.০১৭.১৬.০৯০.১৮-১২


তারিখ: ১২/০৬/২০২৬ খ্রি.

**বিষয়: দুঃস্থ মহিলাদের পুনর্বাসন ও কল্যাণের জন্য মাননীয় প্রধান মন্ত্রীর বিশেষ ঋণ তহবিল, উৎপাদনমুখী কর্মকাণ্ডে দুঃস্থ মহিলাদের সম্পৃক্তকরণের লক্ষ্যে ঘূর্ণায়মান ঋণ কর্মসূচি এবং জনসংখ্যা নিয়ন্ত্রণে মহিলাদের বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত প্রকল্পের ঋণ কর্মসূচি ব্যাংকে জমাকৃত অর্থের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, চট্টগ্রাম কর্তৃক প্রেরিত “দুঃস্থ মহিলাদের পুনর্বাসন ও কল্যাণের জন্য মাননীয় প্রধান মন্ত্রীর বিশেষ ঋণ তহবিল” ও “উৎপাদনমুখী কর্মকাণ্ডে দুঃস্থ মহিলাদের সম্পৃক্তকরণের লক্ষ্যে ঘূর্ণায়মান ঋণ কর্মসূচি”-র সঞ্চয়ী হিসাবে ১০ বছরের অধিক সময় লেনদেন বন্ধ আছে। বন্ধ থাকা ব্যাংক হিসাবগুলোর জমাকৃত অর্থ বাংলাদেশ ব্যাংক কর্তৃক দাবীহীন সম্পদ বিবেচিত হবে মর্মে একটি পত্র প্রেরণ করেছেন। যার পরিপ্রেক্ষিতে জমাকৃত অর্থ ঢাকা-র মূল তহবিলে ফেরত পাঠানোর বিষয়ে তিনি সিদ্ধান্ত চেয়েছেন। একইভাবে “জনসংখ্যা নিয়ন্ত্রণে মহিলাদের বৃত্তিমূলক প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত প্রকল্পের ঋণ কর্মসূচি”-র অর্থ চাঁদপুর জেলার ফরিদগঞ্জ উপজেলায় ব্যাংকে জমা আছে। উক্ত জমাকৃত টাকার বিষয়ে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফরিদগঞ্জ দিক নির্দেশনা চেয়ে পত্র প্রেরণ করেছেন। দীর্ঘদিন ধরে বন্ধ থাকা উক্ত কর্মসূচী ৩টির ব্যাংক হিসাবে স্থিত অর্থ মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা-র মূল তহবিলে ফেরত আনার বিষয়টি আরো যাচাই করা প্রয়োজন।

এমতাবস্থায়, উপরে উল্লিখিত ৩টি কর্মসূচীর মধ্যে আপনার জেলাধীন উপজেলাসমূহে উক্ত ৩টি কর্মসূচির স্থিত অর্থের হিসাব ও ব্যাংকস্টেটমেন্ট আগামী ০৩ কর্মদিবসের মধ্যে হার্ডকপি ও সফটকপি (E-mail: [dwamicrocredit2@gmail.com](mailto:dwamicrocredit2@gmail.com)) প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

উপপরিচালক (সকল) জেলা পর্যায়  
উপপরিচালকের কার্যালয়  
মহিলা বিষয়ক অধিদপ্তর

  
(জিনাত আর)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
ফোন: ৪১০৩৩২১৩

**অবগতির জন্য অনুলিপি:**

- ১। পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা;
- ২। উপপরিচালক (প্রশাসন), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা;
- ৩। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (ওয়েবসাইট), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৪। অফিস কপি।